শিবচর উপজেলায় ষষ্ঠ উপজেলা পরিষদের জুলাই/২০২৪ মাসের (৩য়) মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব ডাঃ মোঃ সেলিম মিয়া<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ০৪-০৮-২০২৪ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | সকাল ১১.৩০টায় |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভার শুরুতে উপস্থিত সম্মানিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১। গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ জনাব আব্দুল্লাহ আল মামুন, উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর** সভার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি গত ৩১-০৭-২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত উপজেলা মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর এর প্রতিনিধি মেডিকেল অফিসার, বলেন হাসপাতালে পর্যাপ্ত এন্টিভেনোম সরবরাহ থাকায় বিষধর সাপে কাটা রোগীর চিকিৎসা প্রদান চলমান রয়েছে। জুন মাসে মোট সাপে কাটা রোগী-১৮জন, হাসপাতালে টেলিমেডিসিন সেবা চলমান আছে। তিনি আরোও বলেন যে, অসংক্রামক (ডায়াবেটিস , উচ্চ রক্তচাপ রোগীর চিকিৎসা ও সরবরাহকৃত ঔষধ প্রদান করা হয়। বহিঃ বিভাগ, জরুরী বিভাগ ও অন্তঃ বিভাগ এ রোগীদেরকে নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে। মহিলা, শিশু, প্রতিবন্ধি ও বীর মুক্তিযোদ্ধাদেও জন্য আলাদা টিকিট কাউন্টার করা হয়েছে। এছাড়া তার বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

এ প্রসঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, জনবল এবং চিকিৎসক পদায়নের করার জন্য স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার জন্য তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, আগস্ট ও সেপ্টেম্বর ২০২৪ মাসের দিকে গবাদী পশুর পিপিআর রোগের ২য় ডোজ শুরু হয়েছে। এছাড়া গবাদি পশু ও হাঁস-মুরগীর চিকিৎসা সেবা ও ভ্যাকসিনসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান , শিবচর উপজেলায় কৃষকের মাঝে বীজ বিভিন্ন ফসলের বীজ ও সার বিনামূল্যে বিতরণ করা হয়েছে । এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ** সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, শিবচর উপজেলার আওতাধীন ৩টি রাস্তার দু-পার্শ্বে ঝড়েপড়া গাছ, মরাগাছ এবং ভাইরাস আক্রান্ত বিনষ্টযোগ্য মেহগনি, শিশু,চামবুল,রেইনডি কড়াইসহ বিভিন্ন প্রজাতির গাছ নিলামে বিক্রয়ের প্রশাসনিক অনুমতি প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং মাসিক সমন্বয় সভার কার্যবিবরনীসহ নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | রাস্তার নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১। | (আইডি নং-৩৫৪৮৭২০১২) শিরুয়াইল টু উৎরাইল গামী সড়কের দু-পার্শ্বে ঝড়েপড়াগাছ, মরাগাছ এবং ভাইরাস আক্রান্ত বিনিষ্টযোগ্য মেহগনি, শিশু, চামবুল, রেইনডি কড়াইসহ বিভিন্ন প্রজাতির ৪১(একচল্লিশ)টি গাছের মূল্য উপজেলা বন বিভাগ শিবচর কর্তৃক মূল্য = ৬৫,০২১.৪০ টাকা মাত্র। | |
| ০২। | (আইডি নং-৩৫৪৮৭৩০৩৩)বহেরাতলা বাজার হইতে নিলখী সীমানা ও বহেরালতা বালিকা উচ্চবিদ্যালয় হতে বাগের হাট পর্যন্ত রাস্তার,ঝড়েপড়া গাছ, মরাগাছ ও ভাইরাস আক্রান্ত শিশুগাছ বিভিন্ন প্রজাতির ৩৫(পয়ত্রিশ) টি গাছের মূল্য উপজেলা বন বিভাগ শিবচর কর্তৃক মূল্য = ৬২,২৩০.৫০ টাকা মাত্র। | |
| ০৩। | (আইডি নং-৩৫৪৮৭২০১২)বিশচর হেডকোয়াটার টু রাজৈর ভায়া উৎরাইল জিসি সড়ক শিরুয়াইল ইউপি অফিস বাঘমারা হাট এন্ড কবিরাজপুর জিসি স্কুল সড়কের লিটন চৌধুরী ব্রীজের পূর্বপার্শ্বে (চরশ্যাইল নদীর পাড় বাজারের ভিতর) রাস্তার ঝড়েপড়া গাছ, মরাগাছ ও ভাইরাস আক্রান্ত শিশুগাছ বিভিন্ন প্রজাতির ১৫(পনের) টি গাছের মূল্য উপজেলা বন বিভাগ শিবচর কর্তৃক মূল্য = ৪৫,০৮২.০০ টাকা মাত্র। | |

**সিদ্ধান্তঃ** নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মাদারীপুর বরাবর মাসিক সমন্বয় সভার কার্যবিবরনীসহ পত্র প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন উরংংবসরহধঃরড়হ ড়ভ ঘবি ঈঁৎৎরপঁষঁস স্কিমের আওতায় উপজেলা পর্যায়ে ডিজিটাল প্রযুক্তি বিষয়ের প্রোগ্রামিং এন্ড নেটওয়াকিং বিষয়ক ০৪(চার) দিন ব্যাপী প্রশিক্ষণ এবং জীবন ও জীবিকা বিষয়ের " পেশাগত কোর্স বিষয়ক ০৫ (পাঁচ) দিন ব্যাপী প্রশিক্ষণ যথাযথভাবে সম্পূর্ণ হয়েছে। এ প্রশিক্ষণে ১০ (দশ) জন প্রশিক্ষক ও ১৭৮ (একশত আটাত্তর) জন প্রশিক্ষণার্থী উপস্থিত ছিল। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগঃ** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভায় উপস্থিত না থাকায় তার দপ্তর সর্ম্পকে কিছু জানা গেল না।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর বলেন যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাসহ অন্যান্য ভাতা এবং শিক্ষা উপবৃত্তির কোন বরাদ্দ এখন পর্যন্ত পাওয়া যায়নি।
রোগী কল্যাণ সমিতি এবং সমাজকল্যাণ কমিটির কার্যক্রম নিয়মিত চলছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর বলেন, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, জুলাই/২০২৪ মাসে মোট সক্ষম দম্পতি ৬০,০০২ জন। মোট গ্রহণকারী ৪৮,৫৪৩ জন। তিনি বলেন, যে সকল ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র আছে , সেখানে গর্ভবতী মায়েদের স্বাভাবিক প্রসব করাতে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগে সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলায় বিদ্যুতের চাহিদা ৩২ মেঃ ওয়াট কিন্তু আছে ১৬ মেঃ ওয়াট। তাই চাহিদার তুলনায় সরবরাহ কম হওয়ায় আংশিক লোড সেডিং করে বিদ্যুত চালু রাখা হচ্ছে। এতে গ্রাহকদের সাময়িক অসুবিধার জন্য তিনি আন্তরিক ভাবে দুঃখ প্রকাশ করেন। তিনি আরও বলেন জ্বালানী সমস্যা সমাধান হলে লোড সেডিং অনেকাংশ হ্রাস পাবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, এ পর্যন্ত ঋণ বিতরণ করা হয়েছে ১৯.৫ কোটি টাকা, ঋণ আদায় হয়েছে ১৮.৫ কোটি টাকা। পূর্বের খেলাপীসহ মোট ১.৫৪ কোটি টাকা। খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা রুজু করাসহ সহযোগিতা প্রদানের জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার, শিবচরকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা নির্বাহী অফিসার বলেন, যে সকল টিআর ও কাবিখা প্রকল্পের কাজ শুরু করতে পারেনি সে সকল প্রকল্পের ১০০% অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান করতে হবে। যে সকল প্রকল্পের কাজ চলমান এবং কাজের অগ্রগতি শতভাগ সম্পন্ন হয়নি তারা চুড়ান্ত বিল পাবেনা এবং অবশিষ্ট ৫০% অর্থ সরকারি তহবিলে ফেরত প্রদান করা হবে। এই সিদ্ধান্ত টিআর এবং কাবিখা উভয় ক্ষেত্রেই প্রযোজ্য।

**(ঢ) উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচি ও টিসিবির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ, শিবচর, মাদারীপুর বলেন যে, মাঠ পর্যায়ে গভীর ও অগভীর নলকূপ স্থাপনের কাজ ও পাটাতন নির্মাণের কাজ চলমাল রয়েছে। তিনি আরোও বলেন যে, বিভিন্ন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ ও টি.এস.পি স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা , শিবচর সভাকে জানান যে, ২০২৪-২৫ অর্থ বছরে ১৪ ব্যাচে ৩০ জন করে ৪২০ জন যুব যুব মহিলাকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান শুরু হয়েছে। ইতোমধ্যে ০৪টি ব্যাচে ১২০জনকে প্রশিক্ষণ প্রদানের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(দ) উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, অত্র দপ্তরের আওতায় বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত এবং মা ও শিশু সহায়তা কার্যক্রম চলমান আছে। এ ছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ধ) উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ন) উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(প) উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ফ) পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ব) ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর পুরাতন নম্বর পরিবর্তিত হয়ে নতুন ০১৯১০০২১০৩৬ নাম্বার হয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ভ) ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, শিবচর সভাকে জানান যে, মসজিদের ইমাম সাহেবদেরকে পর্যায়ক্রমে ইমাম প্রশিক্ষণের আওতায় এনে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে স্বাবলম্বী করা যেতে পারে। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ম) জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে,তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(য়) উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(র) উপজেলা আইসিটি অফিস :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর উপজেলা অফিসসমূহ ও সকল ইউনিয়ন পরিষদের অফিসের ওয়েব পোর্টাল এখনও পর্যন্ত যারা হালনাগাদ করেননি, সে সকল দপ্তর প্রধানগণকে এবং ইউপি চেয়ারম্যানগণকে তার অফিসের স্ব স্ব ওয়েব পোর্টাল সহকারী প্রোগ্রামার এর সহযোগিতায় হালনাগাদ করার জন্য অনুরোধ জানান।

**সিদ্ধান্ত ঃ** সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে :** সহকারী প্রোগ্রামার, আইসিটি অফিস, শিবচর, মাদারীপুর।

**(ল) উপজেলা তথ্য কেন্দ্র সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**(ব) উপজেলা রিসোর্স সেন্টারঃ** উপজেলা ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, শিবচর, মাদারীপুর বলেন যে, তার অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**বিবিধ আলোচনা-০১ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা এবং সচেতনতা সৃষ্টির মাধ্যমে খাদ্যে ভেজাল প্রতিরোধ করতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর।

**বিবিধ আলোচনা-০২ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।

২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৩ঃ উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মী নিয়োগ সংক্রান্ত আলোচনাঃ উপজেলা নির্বাহী অফিসার, শিবচর,মাদারীপুর সভাকে জানান যে,** উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মী, রাবেয়া আক্তারকে, মাসিক ১০,০০০/-(দশ হাজার) টাকা প্রতিমাসে পারিশ্রমিক প্রদানের শর্তে শিবচর উপজেলা পরিষদে পরিচ্ছন্নকর্মী হিসেবে নিয়োগ করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং আলোচনান্তে পরিষদের সকল সদস্য একমত পোষন করেন। এছাড়া অবশিষ্ট অর্থে হ্যাপী আক্তারকে উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে কাজের পারিশ্রমিক হিসেবে প্রদান করার বিষয়ে আলোচনা করা হলে সভার সকল সদস্য একমত পোষন করেন এবং উভয়কে সভায়র সকল সদস্য সর্বসম্মতিক্রমে নিয়োগের বিষয়ে একমত পোষন করেন।

**সিদ্ধান্ত :** ১। রাবেয়া আক্তারকে উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মী হিসেবে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২। হ্যাপী আক্তারকে উপজেলা নির্বাহী বাসভবনে কাজের পারিশ্রমিক হিসেবে নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নেঃ** চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুর।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪/০৮/২০২৪

(ডাঃ মোঃ সেলিম মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২৪-৭২৭ | তারিখঃ ০৪-০৮-২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। জেলা প্রশাসক, মাদারীপুর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শিবচর, মাদারীপুর।
৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।
৯। উপজেলা ..........................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।
১০। চেয়ারম্যান ..........................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।
১১। জনাব .............................................. শিবচর, মাদারীপুর।
১২। অফিস কপি।

০৪/০৮/২৪

উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।